# অনুষ্ঠিত হলো এস.এস.সি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২০২৫

অদ্য ৭ই এপ্রিল, ২০২৫ রোজ সোমবার, ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে প্রাঙ্গণে এস.এস.সি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ২০২৫ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা ক্রেডিট ইউনিয় স্কুলের প্রধান শিক্ষক, রতন পিটার গমেজসহ ডি'মাঝেনদ গীর্জার সহকারী পাল পুরোহিত ফা. পিন্টু কস্তা ও.এম.আই, মিসেস সুইটি সিসিলিয়া পিউরীফিকেশন, চীফ অফিসার, মার্কেটিং এন্ড প্রজেক্ট, ঢাকা ক্রেডিট, নদ্দা ব্রাঞ্চের ম্যানেজার, মি. সোহেল রোজারিও ও শিক্ষক/শিক্ষিকা, বিদায়ী শিক্ষার্থীগণ ও স্কুলের সকল শিক্ষার্থীবৃন্দ।







এবছর ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল হতে মোট ১৯ জন (বিজ্ঞান ১০ ও ব্যবসায় বাণিজ্য ৯ জন) এস.এস.সি পরীক্ষা অংশগ্রহণ করবে। অনুভূতি প্রকাশ করেন ৬ষ্ঠ হতে দশম শ্রেণির মধ্যে থেকে ১ জন করে এবং বিদায়ী শিক্ষার্থীদের মধ্যে হতে ২ জন। প্রধান শিক্ষক পরীক্ষার্থীদের উদ্দেশ্যে দিগনির্দেশামূলক তথ্য প্রদান করেন। তিনি বলেন যে, " তোমাদের সময়মত পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। যে বিষয়গুলো শেখা হয়েছে তা সুন্দরভাবে পরীক্ষার সময় লিখবে"। বিশেষ অতিথীর বক্তব্য মিসেস সুইটি সিসিলিয়া পিউরীফিকেশন সকল বিদায়ী শিক্ষার্থীদের জন্য আশির্বাদ যাচ্না করেন। তিনি বলেন, "বিগত ১০টি বছর তোমরা অত্র প্রতিষ্ঠান হতে জ্ঞান অর্জন করেছ আজকের এই দিনের জন্য। শিক্ষাগত জীবনে প্রথম পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে যাচ্ছ। এবার তোদের দেবার পালা।"






ব্রাঞ্চ ম্যানেজার মি. সোহেল রোজারিও বলেন যে, " বিদায়ী শিক্ষার্থী, তোমরা ঢাকা ক্রেডিটের মত বড় প্রতিষ্ঠানের একটি স্কুলে পড়াশুনা করেছে। ডিভাইন মার্সি হাসপাতালের অনেক সুনামধন্য প্রতিষ্ঠানের নির্মাতা। আমাদের স্কুল হতে যারাই পাস করে যাবেন, তারা ভবিষৎতে এই প্রতিষ্ঠানগুলোতে সুযোগ পাবে"।






প্রধান অতিথীর বক্তব্যে ফা. পিন্টু কস্তা ও.এম.আই বলেন যে, "তোমরা এই প্রতিষ্ঠান হতে যা কিছু জেনেছ ও শিখেছ তা জীবনে কাজে লাগাবে। সব সময় ভালোটা মনে রাখবে ও তা জীবনে চলার পথে প্রয়োগ করবে।" বিদায়ী শিক্ষার্থীদের বক্তব্য দেয় যথাক্রমে বাণিজ্য বিভাগের শিক্ষার্থী ঝিল রোজারিও ও বিজ্ঞান বিভাগের ছাত্র প্রশি রয়। তারা দুই জনই প্রধান শিক্ষকসহ সকল শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। পরিশেষে স্বল্প পরিষরে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

.